



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১০৪.০১১.০৪.২৬-২১৭

তারিখ : ২৮ আশ্বিন ১৪৩৩
১৬ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয় : প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন গুপ্ত সংকেত পরিদপ্তরের “সহকারী সাইফার অফিসার (১০ম গ্রেড)” পদের প্রার্থীদের বাছাই (MCQ Type) পরীক্ষার কেন্দ্র, সময়সূচি, আসন বিন্যাস ও নির্দেশাবলি।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন গুপ্ত সংকেত পরিদপ্তরের “সহকারী সাইফার অফিসার (১০ম গ্রেড)” পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের বাছাই (MCQ Type) পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রসমূহে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে:

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর সংখ্যা
সহকারী সাইফার অফিসার (১০ম গ্রেড) (বিজ্ঞপ্তির নম্বর: ৩৮-৫৯/২০২৬ বিজ্ঞপ্তির তারিখ: ২৬.০২.২০২৬)	২৮.১০.২০২৬ (বুধবার) বেলা-১২:০০ থেকে ১:০০ পর্যন্ত	লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, লালমাটিয়া, ঢাকা।	০০০০০১-৫০০০০৯৬	৩৭০০
		মাল্টিপারপাস হলরুম, বিপিএসসি, ঢাকা।	৫০০০৯৮-৮০০২০০	২৯৩


০২. পরীক্ষার্থীদের প্রতি সময়ভিত্তিক কার্যক্রমের নির্দেশনা:

ক্র: নং	সময়	পরীক্ষার্থীদের সময়ভিত্তিক কার্যক্রম
১.	বেলা ১০:৩০-১১:৩০ মি.	পরীক্ষার্থীকে প্রবেশপত্র ও কালো কালির বলপেন নিয়ে অবশ্যই নির্ধারিত পরীক্ষা হলে প্রবেশ করতে হবে। বেলা ১১:৩০ মিনিটে পরীক্ষা হলের মূল ফটক বন্ধ করে দেয়া হবে। ফলে উক্ত সময়ের পর কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না;
২.	বেলা ১১:৩০ মি.	পরীক্ষার্থীদের মধ্যে উত্তরপত্র বিতরণ করা হবে এবং হাজিরা গ্রহণ করা হবে বিধায় পরীক্ষার্থীদেরকে অবশ্যই বেলা ১১:৩০ মিনিটের মধ্যেই নির্ধারিত হলের নির্ধারিত কক্ষে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্রে এবং উত্তরপত্রে সেট নম্বর মুদ্রিত থাকবে।
৩.	বেলা ১১:৩০-১১:৫৫ মি.	পরীক্ষার্থী তার উত্তরপত্রে নিজ জেলা ও রেজিস্ট্রেশন নম্বর লিখবেন এবং রেজিস্ট্রেশন নম্বরের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বলপেন দিয়ে পূরণ করবেন। এ সময়ে পরীক্ষার্থী হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। হাজিরা তালিকায় স্বাক্ষর না করলে উত্তরপত্র বিবেচনায় নেয়া হবে না।
৪.	বেলা ১২:০০ মি.	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেওয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ০৪ টি সেট থাকবে যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেওয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট এক এবং অভিন্ন হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তর প্রদান শুরু করবেন। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী কেন্দ্র হতে বের হতে পারবেন না।
৫.	বেলা ১:০০ মি.	বিকাল ১:০০ মিনিটে পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা শৃঙ্খলা বজায় রেখে পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীরা প্রশ্নপত্র নিয়ে যাবেন।

ক্রমশ

০৩. পরীক্ষার্থীদের প্রতি বিশেষ নির্দেশনা:

১. পরীক্ষার্থীগণ কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> হতে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। **প্রিন্টকৃত প্রবেশপত্রের উপরে ডান কোনায় রেফারেন্স নম্বর ৩৮-৫৯/২০২৬ লেখা থাকবে।** উক্ত রেফারেন্স নম্বরযুক্ত প্রবেশপত্র নিয়ে নির্ধারিত হলে উপস্থিত হবেন।
২. **প্রবেশপত্র এবং নির্ধারিত হল/কক্ষ ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না;**
৩. প্রবেশপত্রে বর্ণিত নির্দেশাবলি পরীক্ষার্থী মনোযোগের সাথে পড়বেন এবং অনুসরণ করবেন;
৪. পরীক্ষার দিন বেলা ১০:৩০-১১:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্র ও কালো কালির বলপেন নিয়ে অবশ্যই নির্ধারিত হলের পরীক্ষা কক্ষে উপস্থিত হতে হবে। ১:০০ মিনিটে পরীক্ষা হলের মূল ফটক বন্ধ করে দেয়া হবে। ফলে উক্ত সময়ের পর কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না;
৫. **পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, কোন প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, ওয়ালেট, গহনা, ব্যাগ ও কোন প্রকার যোগাযোগ যন্ত্র নিয়ে কোন পরীক্ষার্থী প্রবেশ করতে পারবেন না;**
৬. পরীক্ষার সময় পরীক্ষার্থী কানের ওপর কোন আবরণ রাখবেন না, কান খোলা রাখবেন। কানে কোন ধরনের হিয়ারিং এইড ব্যবহারের প্রয়োজন হলে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শপত্রসহ পরীক্ষার পূর্বে কমিশনের অনুমোদন গ্রহণ করবেন;
৭. পরীক্ষা কেন্দ্রের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মেটাল ডিটেক্টরের সাহায্যে মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইসসহ সকল নিষিদ্ধ সামগ্রী তল্লাশির মধ্যে দিয়ে পরীক্ষার্থীদের পরীক্ষা হলে প্রবেশ করতে হবে।
৮. পরীক্ষার্থীর কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন বিবেচনা করা হবে না;
৯. কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইসসহ প্রবেশ করলে এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন আইন, ২০২৩ এর ধারা-১০, ১১, ১২, ১৩ ও ১৪ অনুযায়ী কোন অপরাধ সংঘটন করলে বা সংঘটনে সহায়তা করলে, তিনি যে ধারার অধীন অপরাধ সংঘটন করবেন বা সংঘটনে সহায়তা করবেন সে ধারায় বর্ণিত দণ্ডে দণ্ডিত হবেন;
১০. উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে, কোনরূপ সাংকেতিক চিহ্ন প্রদান করলে প্রার্থিতা বাতিল হবে;
১১. পরীক্ষায় মোট ১০০ (একশত) টি MCQ Type প্রশ্ন থাকবে। পরীক্ষার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন; প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কাটা যাবে;
১২. প্রশ্নপত্র বিতরণের পর পরীক্ষা শেষ (বেলা ১.০০ মিনিট) না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না;
১৩. প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদেরকে আগামী ২৫.১০.২০২৬ তারিখের মধ্যে পরিচালক (ইউনিট-৪) বরাবর আবেদন দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদন বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক মনোনয়ন দেওয়া হবে;
১৪. নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী কোন পরীক্ষার্থীর আবেদনপত্রে গুরুতর (substantive) ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল হবে; এবং
১৫. কোন পরীক্ষার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে/চুরি বা নষ্ট হয়ে গেলে অথবা User ID/Password ভুলে গেলে কমিশনের Website এর সংশ্লিষ্ট Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery ও Password Recovery অপশন দেখা যাবে। উক্ত অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে প্রয়োজনীয় এবং কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে এবং প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করা যাবে।


(মোঃ মাহফুজুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(চলতি দায়িত্ব)